সমকাল

তারিখ ... 04 DEC 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

# অভয়নগরে শিক্ষক নিয়োগ নিয়ে মারামারি

## পাঁচ স্থানে গুলিবিদ্ধসহ আহত ৮০

■ সমকাল ডেস্ক

যশোরের অভয়নগরে শিক্ষক নিয়োগ নিয়ে এলাকাবাসী ও বিদ্যালয় পরিচালনা পর্ষদের সদস্যদের মধ্যে সংঘর্ষ হয়েছে। অন্যদিকে নড়াইলের কালিয়া, ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর, গাইবান্ধার সাঘাটা, হবিগঞ্জের চুনারুঘাট ও সিরাজগঞ্জের শাহজাদপুরে প্রতিপক্ষের হামলায় গুলিবিদ্ধসহ ৮০ জন আহত হয়েছেন। প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর :

**নওয়াপাড়া** : অভয়নগর উপজেলার অভয়নগর পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে নিয়োগ নিয়ে শনিবার পরিচালনা পর্ষদের কয়েকজন সদস্যের সঙ্গে এলাকাবাসীর মারামারির ঘটনা ঘটেছে। নিয়োগ ঠেকাতে বিক্ষুব্ধ এলাকাবাসী পরিচালনা পর্ষদের সদস্যদের দুই ঘণ্টা বিদ্যালয়ের কার্যালয়ে অবরুদ্ধ করে রাখেন। পরে পুলিশ এসে নিয়োগ কার্যক্রম স্থগিত করার পর পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এ সময় ৪ জন আহত হন।




**কালিয়া (নড়াইল)** : অধিপত্য বিস্তার নিয়ে কালিয়ার বিষ্ণুপুর গ্রামে দুই গ্রুপের সংঘর্ষে ৬ জন গুলিবিদ্ধসহ অন্তত ১০ জন আহত হয়েছেন। গুরুতর আহতদের খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সংঘর্ষ চলাকালে ও শুক্রবার রাতে প্রতিপক্ষের হামলায় ১৫টি বাড়ি-দোকানসহ ধ্বংসস্তূপে পরিণত হওয়াসহ ৩টি মাছের ঘের লুট হয়েছে শুক্রবার বিকেলে। স্থানীয় দুই আওয়ামী লীগ নেতা মুক্তিযোদ্ধা মিহির মোল্যা ও মফিজ মোল্যার মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল। বিকেলে মফিজ গ্রুপের লোকজন মিহির গ্রুপের লোজনের ওপর হামলা চালালে দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বেধে যায়। সংঘর্ষ চলাকালে প্রতিপক্ষের ছোঁড়া গুলিতে আলীমুল মোল্যা, রেবেকা বেগম, ছানি মোল্যা, হুমার মোল্যা, বনি মোল্যা ও সুজাত মোল্যা গুলিবিদ্ধ হওয়াসহ রাজিব শেখ, হুমায়ুন শেখ, ওমর শেখ ও আয়শা বেগম আহত হন। সংঘর্ষ চলাকালে ও রাতে প্রতিপক্ষের লোকজন রতন মোল্যা, হামিম মোল্যা, হাসান মোল্যা, আনিচুর রহমান, রকমান তালুকদার, আকমান তালুকদার, বিল্লাল শেখ, কোবাদ চৌকিদার, রফিক শেখ ও আফজাল শেখের বাড়ি, বাজারের ২টি দোকানসহ ১৫ বাড়িতে ভাংচুর ও লুটপাট চালায়।

**নবীনগর (ব্রাহ্মণবাড়িয়া)** : নবীনগরে ইউপি নির্বাচন ও জমি-সংক্রান্ত বিরোধের জেরে দু'পক্ষের সংঘর্ষে ২০ জন আহত হয়েছেন। গুরুতর আহতদের নবীনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। শুক্রবার সন্ধ্যায় উপজেলার সলিমগঞ্জ ইউনিয়নের বাড্ডা গ্রামে এবং জমি-সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে জজ মিয়া মেম্বার ও মোশারফ মাষ্টার গ্রুপের মধ্যে সংঘর্ষ হয়।

**সাঘাটা (গাইবান্ধা)** : সাঘাটা উপজেলার বোনারপাড়া ইউনিয়নের তেলিয়ান-শাহারভিটা গ্রামে বাড়ির সীমানা নিয়ে মারধরের ঘটনায় ৫ জন আহত হয়েছেন। শনিবার সকালে উপজেলার তেলিয়ান-শাহারভিটা গ্রামে কফিল উদ্দিনের সঙ্গে একই গ্রামের বুলু মিয়ার বাড়ির সীমানা নিয়ে ঝগড়া বাধে।

**চুনারুঘাট (হবিগঞ্জ)** : চুনারুঘাটে বাসুদেব মন্দির কমিটি গঠন নিয়ে দু'পক্ষের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটেছে। এ ঘটনায় উভয়পক্ষের ৫ জন আহত হন। খবর পেয়ে চুনারুঘাট থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি শান্ত করে।

**শাহজাদপুর (সিরাজগঞ্জ)** : এলাকার আধিপত্য বিস্তার এবং পূর্ব-বিরোধের জের ধরে শনিবার সকালে শাহজাদপুরের ভাইমারা গ্রামে মিল্ক ভিটার প্রাথমিক দুধ সমিতির সদস্য আমানত গ্রুপ এবং গহের খাঁ গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এ ঘটনায় উভয় পক্ষের ৪০ ব্যক্তি আহত হয়েছে। সংঘর্ষ চলাকালে উভয় পক্ষের ৮টি বাড়িতে ভাংচুর ও লুটপাটের ঘটনা ঘটে বলে অভিযোগ পাওয়া গেছে। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সিরাজগঞ্জ সদর হাসপাতাল ও স্থানীয় বিভিন্ন ক্লিনিকে ভর্তি করা হয়েছে। শুরু থেকেই ভাইমারা প্রাথমিক দুধ সমিতির খামারিরা মিল্ক ভিটায় দুধ সরবরাহ করে আসছে। দুধ সমিতির নেতৃত্বের দ্বন্দ্বের জের ধরে ক'বছর আগে গহের খাঁর নেতৃত্বে বেশ কিছু সদস্য ওই সমিতি থেকে বের হয়ে আসে। পরে তারা ভাইমারা দক্ষিণপাড়া দুধ সমিতি নামে সমিতি স্থাপন করে। এ নিয়ে দুই সমিতির সদস্যদের মাঝে বিরোধ চলে আসছিল।